স্মারক নং: পদ/পক/MFP/২০২৩- ১২৫৭ তারিখঃ ১৪.০৬.২০২৩ ইং

# অফিস স্মারক

বিষয়ঃ ঋণের কম্পোনেন্ট বর্ধিতকরণ প্রসঙ্গে ।

ক. উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের আওতায় বর্তমানে জাগরণ, অগ্রসর, সুফলন, বুনিয়াদ, সাহস ইত্যাদি কম্পোনেন্টে সুনির্দিষ্ট আইজিএ-এর বিপরীতে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে, যার মাধ্যমে সংগঠিত সদস্যগণ তাদের আয় উৎসারী বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করতে সক্ষম হচ্ছে। এছাড়া সহায়ক ঋণ হিসেবে Livelihood Improvement Loan (LIL)এর মাধ্যমে নিত্য প্রয়োজনীয় বিভিন্ন পণ্য সামগ্রী যেমন- মোবাইল ফোন, কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব, ওভেন, ব্লেন্ডার মেশিন, রাইস কুকার, টিভি, ফ্রিজ, সেলাই মেশিন, এসি, ওয়াশিং মেশিন ইত্যাদি ক্রয়ের মাধ্যমে সংগঠিত সদস্যগণ তাদের জীবনমান উন্নয়ন ও সহজীকরণ করতে পারছে।

খ. বর্তমানে চলমান LIL সার্কুলার অনুযায়ী কর্মএলাকার সকল জনগোষ্ঠীকে পন্য সেবা ঋণের আওতায় আনা সম্ভব হচ্ছে না। LIL কম্পোনেন্টের আওতায় বর্তমানে শুধুমাত্র বিদ্যমান সদস্যদের মাঝে সেকেন্ডারী ঋণ হিসেবে পণ্য সেবা প্রদান করা হচ্ছে। কিন্তু কর্মএলাকার ব্যাপক সংখ্যক মানুষ সাধারন ঋণ গ্রহণ না করে সরাসরি পন্য গ্রহণে ইচ্ছুক। **মাঠ পর্যায়ে সাধারন মানুষের মাঝে পণ্য গ্রহণের ব্যাপক চাহিদা থাকায় উক্ত জনগোষ্ঠীকে পণ্য সেবার আওতায় আনার লক্ষ্যে Livelihood Improvement Loan-02(LIL-02) নামক আলাদা একটি কম্পোনেন্ট চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে ।**

গ. বর্ণিত প্রেক্ষিতে Livelihood Improvement Loan-02 (LIL-02) নামক কম্পোনেন্টে সরাসরি সদস্য ভর্তি করে প্রথম দফায় ঋণ বিতরণ করা যাবে। উক্ত ঋণ বিতরণের ক্ষেত্রে বেশকিছু অনুসরণীয় বিষয় সুনির্দিষ্ট করা হয়েছে, যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে অত্রপত্র সাথ সংযুক্ত করে (সংযুক্তি-০১) প্রেরণ করা হলো। ঋণ বিতরণের সময় সংযুক্ত নির্দেশনাসমূহ যথাযথ ভাবে পরিপালন ও বাস্তবায়ন নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হলো।

ঘ. অত্র অফিস স্মারকটি ইস্যুর তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

উল্লেখ্য যে, অত্র অফিস সার্কুলারের কোন শব্দ, ছত্র, ধারা, উপধারা ও অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এ সম্পর্কিত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনার জন্য জনাব মো: রফিকুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক ও রিজিয়নাল ম্যানেজার, মধ্য-পূর্বাঞ্চল (ই-মেইল rafiq@padakhep.org এবং মোবাইল নং-০১৩২-২৮৩৮৬৩৫) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,

মোঃ সালেহ বিন সামস
নির্বাহী পরিচালক

**অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (ই-মেইলে প্রেরণ করা হলো)ঃ**
১.পরিচালক, মাইক্রোফাইন্যান্স, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
২.যুগ্ম-পরিচালক (সকল), পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৩.উপ-পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৪.সিনিয়র সহকারী পরিচালক ও রিজিয়নাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৫.উপ-পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার ও আহবায়ক, সফটওয়্যার বাস্তবায়ন কমিটি।
৬.মাইক্রোফাইন্যান্সভুক্ত সকল কর্মকর্তা, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৭.সিনিঃ সহকারী পরিচালক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, পদক্ষেপ। (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
৮.সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
৯.সিনিয়র ব্যাবস্থাপক ও এরিয়া ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
১০.ব্রাঞ্চ ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
১১.অফিস কপি।

## Livelihood Improvement Loan-02(LIL-02) ঋণ বিতরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়সমূহ:

| ক্রম নং | বিষয় | | সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা |
|---|---|---|---|
| ০১ | কম্পোনেন্ট এর নাম | : | Livelihood Improvement Loan-02 (LIL-02) |
| ০২ | উদ্দেশ্য | : | বর্তমান চলমান LIL সার্কুলার অনুযায়ী কর্মএলাকার সকল জনগোষ্ঠীকে ঋণের পন্য সেবা আওতায় আনা সম্ভব হচ্ছে না। কিন্তু কর্মএলাকার ব্যাপক সংখ্যক মানুষ সাধারন ঋণ গ্রহণ না করে সরাসরি পণ্য গ্রহণে ইচ্ছুক। মাঠ পর্যায়ে সাধারণ মানুষের মাঝে পণ্য গ্রহণের চাহিদা থাকায় উক্ত জনগোষ্ঠীকে পণ্য সেবার আওতায় আনার লক্ষ্যে Livelihood Improvement Loan-02 (LIL-02) নামক আলাদা একটি কম্পোনেন্ট চালু করা হল। |
| ০৩ | কর্মএলাকা | : | সংস্থার মাইক্রোফাইন্যান্স ভূক্ত সকল কর্ম এলাকা। |
| ০৪ | লক্ষিত জনগোষ্ঠী | : | যে সকল জনগোষ্ঠী সংস্থার চলমান ঋণ কার্যক্রমের সাথে জড়িত নয় এমন জনগোষ্ঠী। |
| ০৫ | ঋণের খাত | : | এই ঋণের খাত হবে যে পণ্য ক্রয়ের বিপরীতে ঋণ দেওয়া হবে সে অনুযায়ী খাত নির্ধারিত হবে। যেমন : (টিভি, ফ্রিজ, এসি, মোটরসাইকেল, ইজিবাইক, সি এন জি ইত্যাদি ) |
| ০৬ | সদস্যকে LIL-02 প্রদানের শর্তসমূহ | : | ১. এই ঋণের জন্য নতুন একটি ঋণ কম্পোনেন্ট খোলার প্রয়োজন হবে, যার নাম হবে "Livelihood Improvement Loan-02(LIL-02)"<br>**০২. এই ঋণ প্রাইমারী ঋণ হিসেবে বিবেচিত হবে।**<br>**০৩. প্রথম দফায় ভর্তি করে এই ঋণ দেওয়া হবে।**<br>০৪. LIL-02 ঋণ গ্রহনকারীদের অন্য কোন Secondary ঋণ দেওয়া যাবে না।<br>০৫. অন্যান্য ঋণের ন্যায় LIL-02 ঋণের ক্ষেত্রেও দফা পৃথকভাবে বিবেচ্য হবে। অর্থাৎ এ খাতের প্রথমবার ঋণ নিলে ১ম দফা, দ্বিতীয়বার ঋণ নিলে ২য় দফা এভাবে দফা নির্ধারিত হবে।<br>০৬. LIL-02 ঋণ ব্রাঞ্চের নির্ধারিত কর্মএলাকার মধ্যে বিতরণ করতে হবে।<br>**০৭. সংস্থার চলমান ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতাভূক্ত নয় এমন সদস্যদেরকে, নতুন করে ভর্তি করে LIL-02 ঋণ দেয়া যাবে। অর্থাৎ জাগরন ও অগ্রসর সহ অন্যান্য কম্পোনেন্টের ঋন চলমান রয়েছে তাদেরকে এই ঋণ LIL-02 দেওয়া যাবে না।** |
| ০৭ | ঋণের মেয়াদ | : | মেয়াদ ও গ্রেস পিরিয়ড সহ সর্বোচ্চ ঋণের মেয়াদ হবে ০১ বৎসর। |
| ০৮ | সার্ভিস চার্জের হার | : | LIL-02 ঋণের সার্ভিস চার্জের হার বার্ষিক সর্বোচ্চ ২৪% (ক্রমহ্রাসমান পদ্ধতি)। |
| ০৯ | ঋণ পরিশোধের ধরন | : | সাপ্তাহিক ও মাসিক কিস্তিতে পরিশোধিত হবে। |

| ক্রম নং | বিষয় | | সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা |
|---|---|---|---|
| ১০ | সঞ্চয় গ্রহণ | : | LIL-02 ঋণের জন্য সদস্যদের নিকট থেকে সকল দফায় বিতরণকৃত ঋণের বিপরীতে সর্বনিম্ন ২.৫% হারে সঞ্চয় সংগ্রহ করা হবে। এ ছাড়া সাপ্তাহিক ও মাসিক কিস্তির সাথে চলমান ঋণ কার্যক্রমের ন্যায় সঞ্চয় আদায় করতে হবে। |
| ১১ | কিস্তির সংখ্যা | : | ক) সাপ্তাহিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ৪৬ টি।<br>খ) মাসিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ১২ টি। |
| ১২ | গ্রেস পিরিয়ড | : | ক) সাপ্তাহিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ১৪ দিন।<br>খ) মাসিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ৩০ দিন। |
| ১৩ | ঋণ সীমা /সিলিং | : | LIL-02 ঋণের সর্বোচ্চ পরিমান হবে ১২৫০০০/=( এক লক্ষ পঁচিশ হাজার) টাকা।তবে অন্য কোন উচ্চমূল্যের পণ্য যেমন: মোটরসাইকেল এর মোট মূল্যের ৩০% , ইজিবাইক এর মোট মূল্যের ৩০% , সি এনজি এর মোট মূল্যের ৩০% ডাউন পেমেন্ট গ্রহণ করে অবশিষ্ট মূল্যের সমপরিমান টাকা ঋণ বিতরণ করা যাবে। |
| ১৪ | উচ্চমূল্যের পণ্য গ্রহণের শর্তাবলী | : | ১.গাড়ীর মালিকানা সংস্থা ও ব্যবহারকারীর যৌথ নামে অথবা শুধুমাত্র সংস্থার নামে হায়ার পারচেজ(Higher purchase) এ রেজিস্ট্রেশন করতে হবে।<br>২. গাড়ীর রেজিস্ট্রেশন যৌথ হলে পলিসি যে ভাবে করতে হবে তা হলো : ক্রয়কারীর নাম, হায়ার পারচেজ HP-(Higher purchase)প্রতিষ্ঠান/সংস্থার নাম : পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।<br>৩. গাড়ীর ০২ টি চাবির ০১ টি সংস্থার নিকট জমা থাকবে।<br>৪. মূল কাগজপত্র গাড়ী ব্যবহারকারীর নিকট জমা থাকবে এবং সকল প্রকার ফটোকপির ০১সেট অফিসে জমা থাকবে।<br>৫. গাড়ী ব্যবহারকারী মালিকের সাথে ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি নামা করতে হবে।<br>৬. ঋণ পরিশোধ হওয়ার ০১ মাসের মধ্যে ব্যবহারকারীকে নিজ খরচে মালিকানা হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>৮. ক্রয়কৃত উচ্চমূল্যের পণ্য নষ্ট হয়ে গেলে, চুরি হলে , হারিয়ে গেলে অথবা যে কোন কারনে ক্ষতিগ্রস্থ হলে ও সদস্য তার গ্রহণকৃত ঋণের অবশিষ্ট স্থিতি পরিশোধ করতে বাধ্য থাকিবে যা চুক্তিপত্রে উল্লেখ করতে হবে।<br>৯. গাড়ী ব্যবহারকারীর নিজ নামে ০৩ পাতা চেক নিতে হবে।<br>১০.সংস্থার অনুমতি ছাড়া গাড়ী বিক্রয় করলে অবৈধ বিক্রয় বলে গন্য হবে।<br>১১. গাড়ী ব্যবহারকালীন সময়ে আইনগত বাধ্যবাধকতা ব্যবহারকারীর উপর বর্তাবে। |
| ১৫ | অন্যান্য ফি গ্রহণ | : | ভর্তি ফি ১০ /- টাকা , পাশবই ফি বাবদ ১০/- টাকা এবং ঋণ ফি বাবদ ৫/- টাকা সর্বমোট ২৫ টাকা গ্রহণ করা যাবে। |
| ১৬ | সদস্য কল্যাণ তহবিল গ্রহণ | : | LIL-02 ঋণের আওতাভূক্ত সদস্যগণ সংস্থার প্রচলিত নিয়মে অন্যান্য ঋণীদের মত সদস্য কল্যাণ তহবিলের আওতায় সুবিধা প্রাপ্য হবেন। ফলে LIL-02 ঋণের আওতাধীন সদস্যদের নিকট হতে বিতরণকৃত ঋণের পরিমাণের উপর ১% হারে সদস্য কল্যাণ তহবিল খাতে অর্থ গ্রহণ করতে হবে। |
| ১৭ | এল এল পি (LLP) | : | সংস্থার প্রচলিত নীতিমালা অনুযায়ী LIL-02 ঋণের বিপরীতে ঋণক্ষয় সঞ্চিতি (এলএলপি) হিসাবভূক্ত করতে হবে। |

| ক্রম নং | বিষয় | | সংক্ষিপ্ত বিবরণ/নির্দেশনা |
|---|---|---|---|
| ১৮ | তথ্য সংরক্ষন , হিসাব রক্ষন ও রির্পোটিং | : | ক)ক্যাশ বুক, জেনারেল লেজার, ঋণ বিতরণ মাষ্টার রোল, আদায় বিবরণী, DCR সহ অন্যান্য প্রমাণ পত্রাদিতে LIL-02 নামে একটি পৃথক হিসাবের খাত ও ঋণের কম্পোনেন্ট খোলার প্রয়োজন হবে। অর্থাৎ জাগরণ, অগ্রসর, সুফলন, বুনিয়াদ, সাহস ইত্যাদি ঋণ কম্পোনেন্টের ন্যায় অনুরূপ কার্যাবলী অনুসরণ করতে হবে।<br>খ) এই ঋণের জন্য চলমান MIS & FIS এ আলাদা খাত LIL-02 হিসেবে রির্পোটিং করতে হবে। |
| ১৯ | সার্ভিস চার্জ রিবেট | | এই কার্যক্রমের আওতায় অগ্রিম ঋণ পরিশোধের ক্ষেত্রে সংস্থার সর্বশেষ "সার্ভিস চার্জ রিবেট নীতিমালা" অনুযায়ী সদস্যগণকে যৌক্তিক হারে রিবেট প্রদান করতে হবে। |
| ২০ | কিস্তির পরিমান (০১বছর মেয়াদ) | | সাপ্তাহিক কিস্তি: সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১ বছর মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১- ৪৫ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিসচার্জ সহ আদায়যোগ্য ২৫/-টাকা (আসল ২২.১৫/-টাকা এবং সার্ভিস চার্জ ২.৮৫/-টাকা) এবং ৪৬ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ৫/-টাকা আদায়যোগ্য(আসল ৩.২৫/-টাকা এবং সার্ভিস চার্জ ১.৭৫/-টাকা) অর্থাৎ ১,০০০/-(এক হাজার) টাকা ঋণের বিপরীতে সাপ্তাহিক ভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,১৩০/-টাকা আদায় করতে হবে।<br>সাপ্তাহিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.১৩ যা সর্বমোট আদায়কে ১,০০০/-দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরুপন করা যাবে। |
| ২১ | কিস্তির পরিমান (০১বছর মেয়াদ) | | মাসিক কিস্তি: মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ০১ বছর মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-১১ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিস চার্জসহ আদায়যোগ্য ৯৫/-টাকা (আসল ৮৩.৫/-টাকা এবং সার্ভিস চার্জ ১১.৫/-টাকা) এবং ১২ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ৯০/-টাকা আদায়যোগ্য (আসল ৮১.৫/-টাকা এবং সার্ভিস চার্জ ৮.৫/-টাকা) অর্থাৎ ১,০০০/-(এক হাজার) টাকা ঋণের বিপরীতে মাসিক ভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১১৩৫/-টাকা আদায় করতে হবে।<br>মাসিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.১৩৫, যা সর্বমোট আদায়কে ১০০০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরুপন করা যাবে। |
| ২২ | ডকুমেন্টস সমূহ | | LIL-02 ঋণ বিতরণের ক্ষেত্রে সদস্যের আয়বর্দ্ধনমূলক কর্মকান্ড সংক্রান্ত তথ্য অর্থাৎ সদস্যের নিদিষ্ট আয়ের উৎস নির্ধারন করতে হবে এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্য ঋণ প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া সংস্থার প্রচলিত ঋণ বিতরণ নীতিমালা অনুযায়ী সকল প্রকার ডকুমেন্টস সংযুক্ত করতে হবে। |
| ২৩ | নিরীক্ষা সংক্রান্ত | : | সংস্থার প্রচলিত নিয়মে এই ঋণ কার্যক্রমের নিরীক্ষা সংক্রান্ত কার্যাদি সম্পাদিত হবে। |
| ২৪ | ঋন অনুমোদন ক্ষমতা | : | LIL-02 ঋণের পরিমান এবং দফা যাই হোক না কেন অনুমোদনকারী হবেন পরিচালক, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম। |
| ২৫ | অন্যান্য | | ক. LIL-02 ঋণের অর্থ দ্বারা সদস্যগণ সংস্থার লীপ কর্মসূচী হতে গুণগত মানসম্পন্ন পন্য সামগ্রী ক্রয় করতে পারবে।<br>খ. LIL-02 ঋণের অনুমোদিত অর্থ দ্বারা একইসাথে একাধিক পণ্য সামগ্রী ক্রয় করতে পারবেন।<br>গ. LIL-02 ঋণের আওতায় একটি ঋণ চলমান অবস্থায় আরেকটি ঋণ LIL-02 প্রদান করা যাবে না।<br>**ঘ) শুধুমাত্র LEAP প্রোগ্রাম হতে পণ্যক্রয়ের বিপরীতে এ ঋণ প্রদান করা যাবে।** |

০০০০০০০

Padakhep Manabik Unnayan Kendra
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabor, Dhaka-1207